



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/5/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো স্টেট পুলিশ হেইট ক্রাইমস টাস্ক ফোর্স-কে রচেস্টারে ট্রান্সজেন্ডার পুরুষের বিরুদ্ধে হামলার বিষয়ে তদন্তে সহায়তার জন্য নির্দেশ দিয়েছেন

"রচেস্টারে 30 বছর বয়সী এক কৃষ্ণাঙ্গ ট্রান্সজেন্ডার ব্যক্তির উপর হামলার সংবাদে আমি ক্ষুব্ধ। নিউ ইয়র্ক কখনোই এই ধরনের ঘৃণ্য আচরণ সহ্য করবে না, এবং আমি স্টেট পুলিশের হেইট ক্রাইম টাস্ক ফোর্সকে আততায়ীদের বিচারের আওতায় আনার জন্য প্রয়োজনীয় যেকোন সম্পদ সরবরাহ করতে নির্দেশ দিচ্ছি।

এ দেশে ট্রান্সজেন্ডার বিরোধী সহিংসতা একটি মহামারী যেখানে প্রতি চারজনের মধ্যে একজন ট্রান্স নাগরিক ঘৃণা-ভিত্তিক আক্রমণের সম্মুখীন হয়, যেখানে ট্রান্স নারী এবং ট্রান্স ব্যক্তির উচ্চ হারে সহিংসতার সম্মুখীন হয়। নিউ ইয়র্কে মানুষের পরিচয়, তারা কাকে ভালোবাসে বা তাদের চেহারা কেমন তার উপর ভিত্তি করে নিজেদের নিরাপত্তার জন্য ভয় পাওয়ার কোন জায়গা নেই।

আমরা ট্রান্সজেন্ডার এবং লিঙ্গ বৈষম্যহীন সম্প্রদায়ের সদস্যদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়িয়ে থাকব, এবং সবার জন্য পারস্পরিক শ্রদ্ধা এবং ন্যায়বিচারের প্রতীক হিসেবে নিউ ইয়র্কের লেগেসি পূরণের জন্য আমাদের সাধনা কখনোই বন্ধ হবে না।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)